




বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়
টাঙ্গাইল (দক্ষিণ)

ফোনঃ ০২-৯৯৭৭৫২৮৩৬

crmtangailsouth@krishibank.org.bd



মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি



জানুয়ারী/২০২২ হতে মার্চ/২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব, খালেকুজ্জামান ইয়ামিন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, (দায়িত্বে)বিকেবি মুঃআঃকাঃ টাঙ্গাইল(দঃ)
সভার তারিখ ও সময় : ০৬ এপ্রিল ২০২২, সময় বিকাল ৩.০০ টা।
সভার স্থান : বিকেবি মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল(দঃ)
সভায় উপস্থিত সদস্যগণের হাজিরাঃ পরিশিষ্ট“ক” অনুযায়ী।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী অত্র কার্যালয় সহ সকল শাখায় শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য আহবান জানান।

০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জানুয়ারী/২০২২ হতে মার্চ/২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

৩.১। সকল শাখায় স্থাপিত অভিযোগ বাস্তব নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুত সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.৩.২। অঞ্চলের গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস এ সংশোধন ও সংরক্ষণ অগ্রগতি সন্তোষজনক নয় বিধায় অঞ্চলের পিছিয়েপড়া শাখাকে সাপোর্ট দেওয়ার জন্য অত্র কার্যালয়ের কর্মকর্তাদের বন্ধেরদিন শাখায়গিয়ে সাপোর্ট প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

৩.২। বাংলাদেশ কৃষি ব্যাংকের হিসাব ম্যানুয়াল, ঋণ ম্যানুয়াল ও পরিপত্র সমূহ যথাযথভাবে প্রয়োগ করে বাস্তবায়ন করতে হবে।


৩.৪। ঋণ প্রস্তুত প্রক্রিয়াকরণে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়াল-২০১৮, ঋণ বুকি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৮ এবং শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে ঋণ প্রদান করতে হবে।

৩.৫। গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ের গণশুনানি/গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে।

৩.৬। শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্যবহার নিশ্চিত করতে হবে।

৩.৭। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে শতভাগ বাস্তবায়ন করতে হবে।

৩.৮। উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৪র্থ ত্রৈমাসিক/প্রান্তিকের (এপ্রিল/২০২২ হতে জুন/২০২২) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

 ০৬/০৪/২২

(খালেকুজ্জামান ইয়ামিন)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)

ও


সভার সভাপতি

সূত্র নং-মুঃআঃকাঃটাঃ(দ)পরি-৬৮/২১-২২/ ২৬ ৬৬(৬)

তারিখঃ ০৬/০৪/২০২২ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, টাঙ্গাইল(দঃ)।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি মুখ্য অঞ্চল টাঙ্গাইল(দঃ)।
- ৬। অফিস নথি।

 ০৬/০৪/২২
(মোঃ আবু সালেক)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা